The Daily Star
19 FEB 2026



# Govt initiates process for LDC graduation deferral

## Commerce Minister Muktadir says

STAR BUSINESS REPORT

The government has begun the process to seek a deferral of the country's scheduled graduation from the least developed country (LDC) club at the end of this year, newly appointed Commerce Minister Khandaker Abdul Muktadir said yesterday.

"The process has been initiated by the Ministry of Commerce, and in coordination with the Economic Relations Division (ERD), necessary communications and procedures will be expedited," a commerce ministry statement said.

Business leaders had been urging the authorities to delay the graduation, prompting the new government to act swiftly.

"Although there was no obligation to send a letter in this regard within the first week, the government has started working on the issue from today [Wednesday]," the minister told journalists after assuming office at the Secretariat in Dhaka.

He said about 85 percent of the country's export earnings still come from apparel. This overreliance has slowed export growth.

Stressing the need to broaden the export base, Muktadir said the government would support private sector investment to help open up new markets.

Asked about market conditions during Ramadan, Muktadir sought to reassure consumers. If supplies remain steady, he said, prices should stay stable.

"The government has sufficient stock of essential commodities for the month of Ramadan and the period afterwards,

FROM PAGE B1

and there is more in the pipeline. Therefore, there is no reason to panic," he added.

The minister acknowledged that prices of some goods tend to rise at the beginning of the month of fasting for Muslims, often because of a sudden spike in demand. However, he said such pressures usually do not last very long.

Responding to a question on whether the proximity of Ramadan to the new administration taking office posed a challenge, he said the month would be a major test. The government must meet public expectations and deliver.

On investment, the minister said uncertainty deters both foreign and domestic investors. A stable environment is essential. Investors commit capital only when they are confident of reasonable returns on their investment and labour.

Muktadir also pointed to demographic pressures. Around 20 to 22 lakh people enter the labour market each year. Weak investment over the past two to three years has added strain to the economy. Unless reversed quickly, he said, it could threaten jobs and growth.

State Minister for Commerce Md Shariful Alam and Commerce Secretary Mahbubur Rahman were also present.

The Financial Express

19 FEB 2026

# New govt to take steps to defer LDC graduation

## *Says Commerce Minister Muktadir*

**FE REPORT**



**Khandaker Abdul Muktadir**

The new government will take initiatives to defer Bangladesh's graduation from the Least Developed Country (LDC) status, says Commerce, Industries, Textiles and Jute Minister Khandaker Abdul Muktadir.

Speaking to journalists at the secretariat on Wednesday, he said the government had already started working on this.

He said the government wanted to defer LDC graduation and was taking all necessary steps towards that goal.

"The commerce ministry has started working on the matter today. It will issue a letter within a short time," he said, adding that the Economic Relations Division (ERD) would handle external coordination and do the necessary communications.

Referring to the long-standing demand from business associations to defer LDC graduation by at least three years, the minister said the government was giving the matter the highest priority.

"It is not mandatory that a formal letter must be sent in the very first week, but we have started working on the issue," he added.

Addressing the recent slowdown in exports, he said Bangladesh's export structure remained highly concentrated, with around 85 per cent of total export earnings coming from a single product.

To tackle this, the government would prioritise export diversification by adding new products, expanding into new markets, and providing appropriate support for private entrepreneurs interested in investing.

Mentioning uncertainties in global trade, Muktadir said sudden changes in the US tariff policies had created instability in international markets.

"As a poor country, Bangladesh has very limited room for error. It lacks the capacity to absorb policy mistakes or prolonged external shocks. Therefore, the government has begun working to quickly overcome the sluggish situation observed over the past few months."

Addressing concerns about market stability during Ramadan, he said it depended on normal supply conditions. He assured that the government had sufficient stocks of essential commodities for Ramadan and the period thereafter, with adequate supply already in the pipeline.

As a result, there was no reason for panic about the market, assured Muktadir.

Responding to questions about the influence of syndicates in Ramadan, he said he did not want to just give statements but rather preferred demonstrating results through action.

Explaining the price hikes of some commodities at the beginning of Ramadan, the minister said this was mainly due to a one-time surge in demand.

"People usually shop in bulk for the entire month, leading to a sudden increase in consumption that temporarily affects retail prices."

He said local and foreign investments would not come amid uncertainties, adding the primary condition for investment was a stable environment.

"Many countries do not have what we have for attracting investments as Bangladesh has a large working-age population. In addition, 2.0-2.2 million people enter the labour market every year," he said.

Muktadir further noted that investment had remained stagnant over the past two to three years, creating significant pressure on the economy.

If this situation could not be reversed, it could pose risks to employment and overall economic stability, he warned.

Asked whether managing Ramadan would be the new government's first major test, the minister said ensuring effective market management during Ramadan was indeed a major challenge for the government.

The government must succeed in meeting public expectations, and there was no alternative, he said, adding this was not about any individual but the national interest. He called on all stakeholders, including the media, to cooperate with the government.

Requesting that mistakes be pointed out, he said collective efforts would make it possible to move the country forward.

*newsmanjasi@gmail.com*

The Business Standard
19 FEB 2026

# Africa emerges as key partner, Bangladesh eyes $4b trade

TRADE - BANGLADESH

TBS REPORT

As growth in traditional markets such as the United States and European Union slows, Bangladesh is accelerating efforts to deepen economic engagement with Africa, with total trade nearing $4 billion.

According to data from the Export Promotion Bureau, the Bangladesh Bank and the National Board of Revenue, African exports to Bangladesh stood at $3.76 billion in the fiscal 2022-23, $2.84 billion in FY24 and $2.90 billion in FY25. During July-January of FY26, imports reached $2.01 billion.

Bangladesh's exports to Africa also show steady growth – $367 million in FY23, $386.5 million in FY24 and $417.7 million in FY25. Exports during July-January FY26 totalled $271 million.

Major African import sources include Morocco, South Africa, Benin, Burkina Faso, Cameroon, Côte d'Ivoire, Egypt, Mali and Algeria.

Business leaders say Africa offers stronger growth prospects compared to saturated markets in North America and Europe, particularly in IT-enabled services, pharmaceuticals and garments.

**South Africa gains strategic importance**

South Africa, a member of BRICS, has emerged as a key partner. Bangladesh's High Commissioner to South Africa, Shah Ahmed Shafi, said Pretoria is increasingly important to Dhaka's diversification strategy.

South Africa, with a population of about 63 million and GDP exceeding $400 billion, is Africa's most industrialised economy. KwaZulu-Natal, its second-largest contributor to GDP after Gauteng, has shown interest in Bangladeshi pharmaceutical investment.

Bangladesh's exports to South Africa rose from $119 million in FY23 to $124.2 million in FY25. South African exports to Bangladesh stood at $176 million in FY25.

Total official economic engagement between the two countries surpassed $800 million in FY25, including trade and remittance flows.

**Remittances hit record levels**

Remittances from expatriate Bangladeshis in South Africa have surged. In FY25, they sent home over $402.9 million. During July-January FY26 alone, remittances reached nearly $395.4 million, setting a new record.

Officials estimate that up to 30% of remittances flow through informal channels. Roughly 4,00,000–5,00,000 Bangladeshis are believed to reside in South Africa, largely engaged in small and medium businesses.

Bankers suggest that with policy support and incentives, Bangladesh's economic engagement with South Africa could reach $1 billion in 2026.

**Expanding multilateral engagement**

Commonwealth Observer Group Chair and former Ghanaian President Nana Akufo-Addo recently invited Bangladesh to invest in Africa's jute sector.

Meanwhile, South African High Commissioner to Bangladesh Anil Sooklal stressed the need to enhance trade visibility and people-to-people ties. He highlighted pharmaceuticals, education, culture, sports and private sector collaboration as priority areas.

Honorary Consul Md Solaiman Alam Seth said Bangladesh's steady growth, women's empowerment in garments and resilience in disaster management position it well to expand engagement with Africa's rising economies.

The Business Standard
19 FEB 2026

# Govt moves to seek deferral of LDC graduation: Commerce minister

ECONOMY - BANGLADESH

**TBS REPORT**



Newly appointed Commerce Minister Khandaker Abdul Muktadir has said the government will take all necessary steps to defer Bangladesh's graduation from the least developed country (LDC) status, citing limited preparation time and concerns from the business community.

Speaking to reporters at the Secretariat in Dhaka yesterday, the minister said the government wants to postpone LDC graduation and has already begun work to this end.

"We will take all necessary measures to defer LDC graduation," he said, adding that the initiative has been launched by the commerce ministry in coordination with the Economic Relations Division, and that required communications and procedures will be expedited.

Experts, however, cautioned that Bangladesh has very little time left to make a formal request if it wishes the matter to be considered at the upcoming United Nations review.

Muhammad Abdur Razzaque, chairman of Research and Policy Integration for Development, told TBS that a meeting of the UN Committee for Development Policy is scheduled for next week.

"If the government submits its application within the next few days, there is a chance that the issue could be placed on the agenda of that meeting," he said.

Razzaque added that a positive recommendation at the UN Committee meeting would make negotiations at the forthcoming UN General Assembly in September comparatively easier. "We can raise the matter separately at the UNGA, but securing support from other countries would be more difficult," he noted.

Although there is no strict obligation to submit a request within the first week of taking office, the commerce minister said the government has treated the issue with the highest priority – in line with long-standing demands from business associations.

Bangladesh was originally scheduled to graduate from LDC status in 2024. However, due to the impact of the Covid-19 pandemic, the timeline was deferred by two years. As a result, the country is currently set to graduate in November this year.

Upon graduation, Bangladesh will lose the duty-free and quota-free market access enjoyed as an LDC although the European Union is expected to extend such trade preferences for an additional three years. Graduation would also require the withdrawal of certain sector-specific benefits, including cash incentives.

Business leaders have argued that the necessary "smooth transition strategy" to manage post-graduation challenges has not been properly implemented, and have therefore been pressing for a further deferral.

The immediate-past outgoing interim government did not decide on the matter, leaving it for the newly elected administration to determine the next course of action.

বাণিজ্য তথ্য কেন্দ্র
ঢাকা।
রপ্তানি উন্নয়ন ব্যুরো

সমকাল

19 FEB 2026

# এলডিসি থেকে উত্তরণ পিছিয়ে দেওয়ার উদ্যোগ নেওয়া হচ্ছে

সমকাল প্রতিবেদক

নতুন সরকার স্বল্পোন্নত দেশ (এলডিসি) থেকে উত্তরণের সময়সীমা পিছিয়ে দেওয়ার উদ্যোগ নেবে বলে জানিয়েছেন বাণিজ্য, শিল্প এবং বস্ত্র ও পাটমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির। দায়িত্ব নেওয়ার পর প্রথম কর্মদিবসে গতকাল বুধবার বাণিজ্য মন্ত্রণালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি বলেন, এলডিসি উত্তরণ পেছানোর প্রয়োজনীয় সব ধরনের পদক্ষেপ নেওয়া হচ্ছে। এ সময় বাণিজ্য প্রতিমন্ত্রী মো. শরীফুল আলম ও বাণিজ্য সচিব মাহবুবুর রহমান উপস্থিত ছিলেন।

খন্দকার আব্দুল মুক্তাদির বলেন, এলডিসি থেকে উত্তরণ পেছানো নিয়ে বাণিজ্য মন্ত্রণালয় থেকে কাজ শুরু হয়েছে এবং অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) সঙ্গে এ বিষয়ে দ্রুত সমন্বয় ও প্রয়োজনীয় যোগাযোগ করা হবে।

ব্যবসায়ী সংগঠনগুলো অন্তত তিন বছর সময় বাড়ানোর দাবি জানিয়ে নতুন সরকারের প্রথম সপ্তাহেই জাতিসংঘে চিঠি দেওয়ার আহ্বান জানিয়েছে। এ বিষয়ে কী করা হবে জানতে চাইলে মন্ত্রী বলেন, প্রথম সপ্তাহেই আনুষ্ঠানিক চিঠি দিতে হবে এমন কোনো বাধ্যবাধকতা নেই। তবে বুধবার থেকেই বিষয়টি নিয়ে কাজ শুরু হয়েছে।

উল্লেখ্য, চলতি বছরের নভেম্বরে বাংলাদেশের এলডিসি উত্তরণের নির্ধারিত সময় রয়েছে। তবে ব্যবসায়ী মহল অন্তত তিন বছর সময় বাড়ানোর দাবি জানিয়ে আসছে। গত বছরের আগস্টে ইন্টারন্যাশনাল চেম্বার অব কমার্স বাংলাদেশ ও এফবিসিসিআইসহ ১৬টি সংগঠন সংবাদ সম্মেলন করে ২০২৬ সালের পরিবর্তে ২০৩২ সালে এলডিসি উত্তরণের পদক্ষেপ নেওয়ার দাবি জানায়। তাদের আশঙ্কা, এলডিসি সুবিধা উঠে গেলে রপ্তানি খাত– বিশেষ করে তৈরি পোশাক ও ওষুধশিল্প চাপের মুখে পড়তে পারে। তবে অন্তর্বর্তী সরকার এ বিষয়ে জাতিসংঘে সময় বাড়ানোর কোনো আবেদন করেনি। চূড়ান্ত সিদ্ধান্ত নবগঠিত সরকারের ওপর ছেড়ে দেওয়া হয়।


খন্দকার আব্দুল মুক্তাদির

প্রথম কর্মদিবসে নতুন বাণিজ্যমন্ত্রী

### 'সাউন্ড বাইট নয়, কাজ করে দেখাব'

রোজার বাজার পরিস্থিতি নিয়ে বাণিজ্যমন্ত্রী বলেন, পণ্যের সরবরাহ স্বাভাবিক থাকলে বাজারও স্থিতিশীল থাকবে। তিনি আশ্বস্ত করেন, রমজান মাস ও পরবর্তী সময়ের জন্য নিত্যপ্রয়োজনীয় পণ্যের পর্যাপ্ত মজুত সরকারের হাতে রয়েছে এবং সরবরাহ চেইনেও পর্যাপ্ত পণ্য রয়েছে। তাই আতঙ্কিত হওয়ার কোনো কারণ নেই। পণ্যবাজারে সিন্ডিকেট প্রসঙ্গে তিনি বলেন, 'আমি আপনাদের সাউন্ড বাইট দেব না। ইনশাআল্লাহ কাজ করে দেখাব।' তিনি শুধু বক্তব্য দিতে চান না, বরং কার্যকর পদক্ষেপের মাধ্যমে ফল দেখাতে চান।

রমজানের শুরুতে কিছু পণ্যের দাম বাড়ার প্রসঙ্গে তিনি বলেন, অনেক ক্ষেত্রে এটি এককালীন চাহিদা বৃদ্ধির ফল। সাধারণত মানুষ পুরো মাসের বাজার একসঙ্গে করে থাকেন, ফলে হঠাৎ ভোগ বৃদ্ধি পায় এবং এর প্রভাব খুচরা বাজারে পড়ে। তবে এ ধরনের প্রভাব দীর্ঘস্থায়ী হয় না বলেও তিনি উল্লেখ করেন।

### রপ্তানিতে বৈচিত্র্য আনার পরিকল্পনা

রপ্তানি প্রসঙ্গে বাণিজ্যমন্ত্রী বলেন, দেশের রপ্তানি কাঠামো এখনও অত্যন্ত কেন্দ্রীভূত। মোট রপ্তানি আয়ের প্রায় ৮৫ শতাংশ একটি পণ্য থেকে আসে। এ পরিস্থিতি মোকাবিলায় রপ্তানি পণ্যে বৈচিত্র্য আনা হবে। নতুন বাজার সম্প্রসারণ এবং বিনিয়োগে আগ্রহী বেসরকারি উদ্যোক্তাদের যথাযথ সহায়তা দেওয়া সরকারের অগ্রাধিকার।

যুক্তরাষ্ট্রের শুল্কনীতিতে হঠাৎ পরিবর্তনের কারণে বৈশ্বিক বাজারে অস্থিরতা তৈরি হয়েছে উল্লেখ করে তিনি বলেন, দরিদ্র দেশ হিসেবে বাংলাদেশের ভুল করার সুযোগ খুবই সীমিত। নীতিগত ভুল বা দীর্ঘস্থায়ী বৈদেশিক ধাক্কা সামাল দেওয়ার সক্ষমতা দেশের নেই। গত কয়েক মাসে যে মন্থরতা দেখা গেছে, সেখান থেকে দ্রুত বেরিয়ে আসতে সরকার কাজ শুরু করেছে। তবে সম্প্রতি বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে হওয়া বাণিজ্য চুক্তির বিষয়ে তিনি আপাতত কোনো মন্তব্য করতে চাননি।

বাণিজ্য তথ্য কেন্দ্র
ঢাকা।
রপ্তানি উন্নয়ন ব্যুরো

প্রথম আলো
19 FEB 2026

# এলডিসি উত্তরণ পেছানোর উদ্যোগ

## প্রথম দিনে বাণিজ্যমন্ত্রী

বাণিজ্যমন্ত্রী বলেন, উত্তরণ বিলম্বিত করতে যা যা করা দরকার, সবই করা হবে। বাণিজ্য মন্ত্রণালয় কাজ শুরু করেছে।

**বিশেষ প্রতিনিধি**, *ঢাকা*

আট বছরের প্রক্রিয়া ও মূল্যায়নের পর জাতিসংঘের সিদ্ধান্ত হচ্ছে, আগামী ২৪ নভেম্বর স্বল্পোন্নত দেশ (এলডিসি) থেকে বের হয়ে আসবে বাংলাদেশ। সেটি হতে যখন আর আট মাস বাকি, তখন নতুন বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদীর দায়িত্ব নেওয়ার প্রথম দিনই বলে দিলেন, এ উত্তরণ বিলম্বিত (ডেফার) করার জন্য সব ধরনের পদক্ষেপ নেওয়া হবে।

বাণিজ্যমন্ত্রী বলেন, এলডিসি থেকে উত্তরণ বিলম্বিত করতে যা যা করা দরকার, সবই করা হবে। আজ (গতকাল বুধবার) থেকেই বাণিজ্য মন্ত্রণালয় কাজ শুরু করেছে। অর্থ মন্ত্রণালয়ের অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) সঙ্গে দ্রুত সমন্বয় করে উত্তরণ বিলম্বিত করার কাজ এগিয়ে নেওয়া হবে।

বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদীর ও বাণিজ্য প্রতিমন্ত্রী মো. শরীফুল আলম গতকাল বুধবার ঢাকায় সচিবালয়ে প্রথম অফিস করেন। দুপুরে এক সংবাদ সম্মেলনে এলডিসি থেকে উত্তরণ প্রসঙ্গ, রপ্তানি বৈচিত্র্যকরণ, রোজার বাজার, দেশি-বিদেশি বিনিয়োগ, বেকারত্ব ইত্যাদি বিষয়ে কথা বলেন বাণিজ্যমন্ত্রী। এ সময় বাণিজ্য প্রতিমন্ত্রী মো. শরীফুল আলম, বাণিজ্যসচিব মাহবুবুর রহমান, অতিরিক্ত সচিব আবদুর রহিম খান প্রমুখ উপস্থিত ছিলেন।

এলডিসি থেকে উত্তরণ বিলম্বিত করতে দেশের ব্যবসায়ী সংগঠনগুলোর দীর্ঘদিনের দাবির কথা উল্লেখ করে বাণিজ্যমন্ত্রী বলেন, বিষয়টিকে সরকার সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে। প্রথম সপ্তাহে চিঠি দিতে হবে—এমন কোনো বাধ্যবাধকতা না থাকলেও সরকার আজ (গতকাল) থেকেই এ নিয়ে কাজ শুরু করেছে।


জানা গেছে, এলডিসি থেকে উত্তরণের সময় পেছানোর আবেদন করে সফল হয়েছে সলোমন দ্বীপপুঞ্জ। ২০২৩ সালে দেশটির সরকার গৃহযুদ্ধ ও প্রাকৃতিক দুর্যোগের কারণ দেখিয়ে বাড়তি সময় চেয়ে জাতিসংঘের কমিটি ফর ডেভেলপমেন্ট পলিসির (সিডিপি) কাছে আবেদন করে। তা মূল্যায়ন করে দেশটিকে তিন বছর সময় বাড়িয়ে দেয় সিডিপি। এ ছাড়া সুনামির কারণে মালদ্বীপ এবং ভূমিকম্পের কারণে নেপালের এলডিসি উত্তরণও নির্ধারিত সময়ে হয়নি।

যোগাযোগ করলে বাংলাদেশ নিট পোশাক উৎপাদন ও রপ্তানিকারক সমিতির (বিকেএমইএ) সভাপতি মোহাম্মদ হাতেম *প্রথম আলো*কে বলেন, 'এলডিসি থেকে উত্তরণ বিলম্বিত করার বিষয়ে নতুন বাণিজ্যমন্ত্রীর উদ্যোগকে আমরা স্বাগত জানাই। অতীতে বিলম্বিত হওয়ার বেশ কয়েকটি উদাহরণ আছে। নতুন সরকারকে এখন বলতে হবে যে আগের সরকারের সিদ্ধান্ত আমরা মানি না এবং নতুন পথনকশা করতে আমাদের সময় দিতে হবে।'



**"এলডিসি থেকে উত্তরণ বিলম্বিত করতে যা যা করা দরকার, সবই করা হবে। আজ (গতকাল বুধবার) থেকেই বাণিজ্য মন্ত্রণালয় কাজ শুরু করেছে।**

খন্দকার আব্দুল মুক্তাদীর, বাণিজ্যমন্ত্রী



**"উপদেষ্টা পরিষদ গত বছরের মার্চে উত্তরণের যে সিদ্ধান্ত নিয়েছে, তা পাল্টিয়ে এখন নতুন করে বলতে হবে যে দেশে অভাবিত ঘটনা ঘটেছে।**

দেবপ্রিয় ভট্টাচার্য, সম্মাননীয় ফেলো, সিপিডি

তিন বছর পরপর এলডিসিভুক্ত দেশগুলোর ত্রিবার্ষিক মূল্যায়ন করা হয়। মাথাপিছু আয়, মানবসম্পদ এবং জলবায়ু ও অর্থনৈতিক ভঙ্গুরতা—এ তিন সূচকের ভিত্তিতে নির্ধারণ করা হয় কোনো দেশ উন্নয়নশীল দেশে উত্তরণের যোগ্য কি না। যেকোনো দুটি সূচকে উত্তীর্ণ হলে অথবা মাথাপিছু আয় নির্ধারিত সীমার দ্বিগুণ হলে এলডিসি থেকে বের হওয়ার সুপারিশ করে জাতিসংঘ।

বাংলাদেশ ১৯৭৫ সালে এলডিসি তালিকাভুক্ত হয়। এলডিসিভুক্ত থাকার সুবাদে পণ্য রপ্তানিতে শুল্কমুক্ত সুবিধাসহ নানা সুযোগ পেয়ে এসেছে বাংলাদেশ। ২০১৮ ও ২০২১ সালের ত্রিবার্ষিক মূল্যায়নে তিন সূচকেই উত্তীর্ণ হয় বাংলাদেশ এবং ২০২১ সালেই চূড়ান্তভাবে সুপারিশ করা হয়, ২০২৪ সালে বাংলাদেশ এলডিসি থেকে বের হবে। তবে করোনার কারণে প্রস্তুতির জন্য দুই বছর সময় বাড়ানো হয়।

এলডিসি থেকে কোন দেশ বের হবে, সে বিষয়ে সুপারিশ করে জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক পরিষদের অধীন একটি কমিটি। এর নাম কমিটি ফর ডেভেলপমেন্ট পলিসি (সিডিপি)। ২০১৮ সাল থেকে সিডিপির সদস্য গবেষণাপ্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) সম্মাননীয় ফেলো ও সিটিজেনস প্ল্যাটফর্ম ফর এসডিজির আহ্বায়ক দেবপ্রিয় ভট্টাচার্য। জাতিসংঘ মহাসচিবের মাধ্যমে তিন বছর করে তিন দফায় নিয়োগ পাওয়া এই সদস্যের বর্তমান মেয়াদ শেষ হবে ২০২৭ সালের ৩১ ডিসেম্বর।

সদ্য বিদায়ী অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা পরিষদ ২০২৫ সালের মার্চেই সিদ্ধান্ত নেয় নির্ধারিত সময়েই এলডিসি থেকে উত্তরণ হবে বাংলাদেশের। জাতিসংঘ সম্প্রতি স্বাধীন প্রস্তুতিমূলক একটি মূল্যায়ন প্রতিবেদন তৈরি করেছে। আগামী সোমবার থেকে পাঁচ দিনব্যাপী সিডিপির বৈঠক রয়েছে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে। এ বৈঠকে যোগ দিতে যাচ্ছেন দেবপ্রিয় ভট্টাচার্য।

এলডিসি থেকে উত্তরণ বিলম্বিত করার বিষয়ে নতুন বাণিজ্যমন্ত্রী গতকাল যে উদ্যোগের কথা বলেছেন, *প্রথম আলো*র পক্ষ থেকে তা অবহিত করা হয় দেবপ্রিয় ভট্টাচার্যকে। তিনি বলেন, এটা বাণিজ্য মন্ত্রণালয়ের একার বিষয় নয়, বরং গোটা সরকারের বিষয়। এলডিসি থেকে উত্তরণের জন্য বাংলাদেশ নির্ধারিত সূচকের অনেক ওপরে আছে। পেছাতে গেলে সবার আগে সরকারের সিদ্ধান্ত বদলাতে হবে।

দেবপ্রিয় ভট্টাচার্য আরও বলেন, উপদেষ্টা পরিষদ গত বছরের মার্চে উত্তরণের যে সিদ্ধান্ত নিয়েছে, তা পাল্টিয়ে এখন নতুন করে বলতে হবে যে দেশে অভাবিত ঘটনা ঘটেছে, যা নিয়ন্ত্রণের বাইরে ছিল। এ ছাড়া সিডিপিতে পাঠানো বাংলাদেশের প্রতিবেদন প্রত্যাহার করতে হবে। জাতিসংঘের সাধারণ পরিষদে ১৯২টি দেশের মধ্যে ভোটাভুটির জন্যও আবেদন পাঠানোর প্রয়োজন হতে পারে।

বাণিজ্য তথ্য কেন্দ্র
ঢাকা।
রপ্তানি উন্নয়ন ব্যুরো

বণিক বার্তা

19 FEB 2026

সচিবালয়ে সাংবাদিকদের বাণিজ্যমন্ত্রী

# এলডিসি উত্তরণ পেছানোর উদ্যোগ নেবে নতুন সরকার




সচিবালয়ে গতকাল বাণিজ্য মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তা ও দপ্তর প্রধানদের সঙ্গে মতবিনিময় করেন নবনিযুক্ত বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির ছবি : বাণিজ্য মন্ত্রণালয়

নিজস্ব প্রতিবেদক ■

নতুন সরকার স্বল্পোন্নত দেশের (এলডিসি) তালিকা থেকে উত্তরণের সময়সীমা পিছিয়ে দেয়ার উদ্যোগ নেবে বলে জানিয়েছেন নতুন বাণিজ্য, শিল্প এবং বস্ত্র ও পাটমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির। তিনি বলেন, 'এলডিসি গ্র্যাজুয়েশন ডেফার করার জন্য প্রয়োজনীয় সব ধরনের পদক্ষেপ নেয়া হবে। এ বিষয়ে নতুন সরকার এরই মধ্যে কাজ শুরু করেছে।'

মন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণের পর গতকাল সচিবালয়ে প্রথম কার্যদিবসে সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি এ কথা বলেন। এ সময় প্রতিমন্ত্রী মো. শরীফুল আলম ও বাণিজ্য সচিব মাহবুবুর রহমান উপস্থিত ছিলেন।

খন্দকার আব্দুল মুক্তাদির বলেন, 'সরকার এলডিসি গ্র্যাজুয়েশন ডেফার করতে চায়। এ লক্ষ্যে যা যা করা দরকার, তার সবই করা হবে। বিষয়টি বাণিজ্য মন্ত্রণালয় থেকে শুরু করা হয়েছে। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সঙ্গে সমন্বয় করে প্রয়োজনীয় যোগাযোগ ও প্রক্রিয়া দ্রুত এগিয়ে নেয়া হবে।'

ব্যবসায়ী সংগঠনগুলোর দাবির বিষয় উল্লেখ করে তিনি বলেন, 'এলডিসি উত্তরণ পেছানোর বিষয়টিকে সরকার সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে। প্রথম সপ্তাহেই চিঠি দিতে হবে—এমন কোনো বাধ্যবাধকতা না থাকলেও সরকার আজ থেকেই এ নিয়ে কাজ শুরু করেছে।'

রফতানির সাম্প্রতিক নিম্নগতি প্রসঙ্গে বাণিজ্যমন্ত্রী বলেন, 'বর্তমানে দেশের মোট রফতানির প্রায় ৮৫ শতাংশই একটি মাত্র পণ্যের ওপর নির্ভরশীল। এ অবস্থা থেকে বেরিয়ে আসতে হলে রফতানি পণ্যে বৈচিত্র্য আনতে হবে, নতুন পণ্য যুক্ত করতে হবে এবং নতুন বাজার সম্প্রসারণে জোর দিতে হবে। একই সঙ্গে বিনিয়োগে আগ্রহী বেসরকারি খাতকে সহায়তা দেয়া হবে।'

রমজানে বাজারদর নিয়ে উদ্বেগ প্রসঙ্গে খন্দকার আব্দুল মুক্তাদির বলেন, 'পণ্যের সরবরাহ স্বাভাবিক থাকলে বাজারও স্থিতিশীল থাকবে। রমজান মাস এবং এর পরবর্তী সময়ের জন্য নিত্যপ্রয়োজনীয় পণ্যের পর্যাপ্ত মজুদ সরকারের হাতে রয়েছে এবং পাইপলাইনেও পর্যাপ্ত পণ্য আছে।' এ অবস্থায় বাজার নিয়ে আতঙ্কিত হওয়ার কোনো কারণ নেই বলেও তিনি মন্তব্য করেন।

বৈদেশিক ও দেশীয় বিনিয়োগ প্রসঙ্গে বাণিজ্যমন্ত্রী বলেন, 'অনিশ্চয়তার মধ্যে কোনো বিনিয়োগ আসে না। বিনিয়োগের প্রথম ও প্রধান শর্ত হলো একটি স্থিতিশীল পরিবেশ। বিনিয়োগকারীরা তখনই বিনিয়োগ করেন, যখন তারা নিশ্চিত হন যে তাদের পুঁজি ও শ্রমের বিপরীতে প্রত্যাশিত রিটার্ন পাওয়া যাবে।'

সাংবাদিকদের সঙ্গে কথা বলার পর খন্দকার আব্দুল মুক্তাদির বাণিজ্য মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তা ও দপ্তরের প্রধানদের সঙ্গে মতবিনিময় করেন। এ সময় তিনি সরকারের কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনের জন্য কর্মকর্তাদের কাজের গতি বাড়ানোর আহ্বান জানান।

বাণিজ্যমন্ত্রী বলেন, 'আমাদের হাতে অনেক কাজ, নষ্ট করার মতো সময় আমাদের হাতে নেই। সময় নষ্ট করার জন্য দেশের মালিকরা (জনগণ) আমাদের এখানে পাঠাননি।'

তিনি বলেন, 'যে মন্ত্রণালয়ের সভা কক্ষে আমরা বসে আছি সেটার সেনসিটিভিটি আপনাদের বুঝিয়ে বলতে হবে না, আপনারা সবাই জানেন। আমি নিশ্চিত বাজারে কোনো পণ্যের দাম বাড়লে তার আঁচ আপনার পরিবারে আসে, আপনাদের গায়েও লাগে। এ কারণেই এটার সেনসিটিভিটি অনেক বেশি।'

কালবেলা
19 FEB 2026

# মিরসরাইয়ে বৈদ্যুতিক পণ্য কারখানা স্থাপনে বিনিয়োগ ২০০ কোটি টাকা

**বৈদ্যুতিক তার, সুইচ-সকেট, ফ্যান, এলইডি লাইট, সার্কিট ব্রেকার দেশীয় বাজার ও রপ্তানিতে সম্ভাব্য অবদান**

**বেজা-এমইপি চুক্তি**

**কালবেলা প্রতিবেদক**

চট্টগ্রামের মিরসরাই এলাকায় অবস্থিত জাতীয় বিশেষ অর্থনৈতিক অঞ্চলে (এনএসইজেড) একটি আধুনিক বৈদ্যুতিক ও ইলেকট্রনিক পণ্য উৎপাদন শিল্প প্রতিষ্ঠান গড়ে তোলার লক্ষ্যে গুরুত্বপূর্ণ ভূমি লিজ চুক্তি স্বাক্ষর করেছে বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) ও এমইপি হাইটেক ইন্ডাস্ট্রিয়াল পার্ক লিমিটেড। গতকাল বুধবার বেজার কার্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে এই চুক্তি সম্পন্ন হয়, যা দেশের প্রযুক্তিনির্ভর শিল্পায়নের পথে আরেকটি বড় পদক্ষেপ হিসেবে দেখা হচ্ছে।

চুক্তি অনুযায়ী, এমইপি গ্রুপের সহযোগী প্রতিষ্ঠান এমইপি হাইটেক ইন্ডাস্ট্রিয়াল পার্ক লিমিটেড এনএসইজেডে প্রায় ১০ একর জমিতে অত্যাধুনিক বৈদ্যুতিক ও ইলেকট্রনিক পণ্য উৎপাদন ক্লাস্টার স্থাপন করবে। প্রকল্পটিতে প্রায় ২০০ কোটি টাকার দেশীয় বিনিয়োগ করা হবে। চুক্তিতে বেজার পক্ষে স্বাক্ষর করেন অতিরিক্ত সচিব ও নির্বাহী সদস্য (বিনিয়োগ উন্নয়ন) সালেহ আহমদ এবং এমইপি গ্রুপের পক্ষে চেয়ারম্যান শকিল আলম চাকলাদার।

> এনএসইজেডে এমইপির মতো দেশীয় শিল্পগোষ্ঠীর বিনিয়োগ দেশের আমদানিনির্ভরতা কমানো, রপ্তানি বহুমুখীকরণ এবং প্রযুক্তিনির্ভর শিল্পায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। তিনি বিনিয়োগকারীদের জন্য বেজার পক্ষ থেকে সব ধরনের সহায়তা অব্যাহত রাখার আশ্বাস দেন
>
> **সালেহ আহমদ**
> *বেজার নির্বাহী সদস্য*

জানা গেছে, প্রকল্পটির বাস্তবায়ন কাজ ২০২৬ সালের এপ্রিল মাসে শুরু হয়ে ২০২৮ সালের ডিসেম্বরের মধ্যে নির্মাণ সম্পন্ন করার পরিকল্পনা রয়েছে। ২০২৯ সালের জানুয়ারি থেকে বাণিজ্যিক উৎপাদন শুরু হবে। প্রকল্পটি চালু হলে প্রায় দুই হাজার মানুষের প্রত্যক্ষ ও পরোক্ষ কর্মসংস্থান সৃষ্টি হবে। বর্তমানে মিরসরাইয়ের জাতীয় বিশেষ অর্থনৈতিক অঞ্চলে প্রায় ১৫টি শিল্প প্রতিষ্ঠান উৎপাদনে রয়েছে এবং আরও প্রায় ২০টি প্রতিষ্ঠান নির্মাণাধীন। প্রায় ২৫ কিলোমিটার উপকূলজুড়ে গড়ে ওঠা এ শিল্পাঞ্চলে শিল্প স্থাপনার পাশাপাশি নগর সুবিধাও গড়ে তোলা হচ্ছে।

প্রস্তাবিত শিল্পকারখানায় বৈদ্যুতিক তার, সুইচ-সকেট, ফ্যান, এলইডি লাইট, সার্কিট ব্রেকারসহ বিভিন্ন ধরনের বৈদ্যুতিক ও ইলেকট্রনিক পণ্য উৎপাদন করা হবে। উৎপাদিত পণ্যের মাধ্যমে দেশীয় বাজারে আমদানিনির্ভরতা কমানোর পাশাপাশি আন্তর্জাতিক বাজারেও রপ্তানি বৃদ্ধির লক্ষ্য রয়েছে।

বেজার নির্বাহী সদস্য (বিনিয়োগ উন্নয়ন) সালেহ আহমদ বলেন, এনএসইজেডে এমইপির মতো দেশীয় শিল্পগোষ্ঠীর বিনিয়োগ দেশের আমদানিনির্ভরতা কমানো, রপ্তানি বহুমুখীকরণ এবং প্রযুক্তিনির্ভর শিল্পায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। তিনি বিনিয়োগকারীদের জন্য বেজার পক্ষ থেকে সব ধরনের সহায়তা অব্যাহত রাখার আশ্বাস দেন। এমইপি গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক জাহাঙ্গীর আলম চাকলাদার জানান, বেজার সহযোগিতায় পরিবেশবান্ধব ও প্রযুক্তিনির্ভর শিল্প স্থাপনের প্রস্তুতি নেওয়া হচ্ছে। এই প্রকল্প দেশের বৈদ্যুতিক পণ্যের আমদানি-বিকল্প উৎপাদন বাড়াবে এবং ভবিষ্যতে রপ্তানি বাজারেও উল্লেখযোগ্য অবদান রাখবে বলে তিনি আশা প্রকাশ করেন।

বাণিজ্য তথ্য কেন্দ্র
ঢাকা।
রপ্তানি উন্নয়ন ব্যুরো